# সুনান আন-নাসায়ী (তাহকীককৃত)

হাদিস নাম্বারঃ ১৪৮৭ [আন্তর্জাতিক নাম্বারঃ ১৪৮৮]

পর্ব-১৬: গ্রহণ (সূর্য/চন্দ্র) (كتاب الكسوف)

পরিচ্ছেদঃ ১৬: অন্য আর এক প্রকার বর্ণনা

باب نَوْعٌ آخَرُ

আরবী

أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ الْمُثَنَّى، قال: حَدَّثَنَا مُعَاذٌ وَهُوَ ابْنُ هِشَامٍ، قال: حَدَّثَنِي أَبِي، عَنْ قَتَادَةَ، عَنْ أَبِي قِلَابَةَ، عَنْ قَبِيصَةَ الْهِلَالِيِّ، أَنَّ الشَّمْسَ انْخَسَفَتْ فَصَلَّى نَبِيُّ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ رَكْعَتَيْنِ رَكْعَتَيْنِ حَتَّى انْجَلَتْ، ثُمَّ قَالَ: إِنَّ الشَّمْسَ وَالْقَمَرَ لَا يَنْخَسِفَانِ لِمَوْتِ أَحَدٍ وَلَكِنَّهُمَا خَلْقَانِ مِنْ خَلْقِهِ، وَإِنَّ اللَّهَ عَزَّ وَجَلَّ يُحْدِثُ فِي خَلْقِهِ مَا شَاءَ، وَإِنَّ اللَّهَ عَزَّ وَجَلَّ إِذَا تَجَلَّى لِشَيْءٍ مِنْ خَلْقِهِ يَخْشَعُ لَهُ، فَأَيُّهُمَا حَدَثَ فَصَلُّوا حَتَّى يَنْجَلِيَ أَوْ يُحْدِثَ اللَّهُ أَمْرًا .

تخريج دارالدعوه: انظر ما قبله (ضعيف)

صحيح وضعيف سنن النسائي الألباني: حديث نمبر 1488 ـ ضعيف

বাংলা

১৪৮৭. মুহাম্মাদ ইবনুল মুসান্না (রহ.) ..... কবীসাহ্ আল হিলালী (রাঃ) হতে বর্ণিত। একবার সূর্যগ্রহণ লেগে গেল। তখন আল্লাহর নবী (সা.) দু' রাক'আত, দু' রাক'আত করে সালাত আদায় করতে লাগলেন। ইত্যবসরে সূর্য আলোকিত হয়ে গেল। তারপর তিনি বললেন, কারো ইন্তিকালের কারণে চন্দ্র-সূর্যের গ্রহণ হয় না বরং তারা হল আল্লাহর সৃষ্টির বস্তুসমূহের মধ্যে দু'টি বস্তু, আর আল্লাহ তা'আলা তাঁর সৃষ্টিতে যা ইচ্ছা নতুন নতুন সৃষ্টি করেন এবং আল্লাহ তা'আলা যখন তাঁর সৃষ্টির কোন বস্তুতে তাঁর নিদর্শনের বহিঃপ্রকাশ ঘটান তখন তা তার অনুগত হয়ে যায়। অতএব সূর্য এবং চন্দ্রে যদি নতুন কিছু ঘটে, তবে তোমরা সালাত আদায় করতে থাকবে, তা আলোকিত হওয়া অথবা আল্লাহ তা'আলার নতুন কোনো ফায়সালা না হওয়া পর্যন্ত।

## English

Another version

It was narrated from Qabisah Al-Hilali: That there was an eclipse of the sun and the Prophet of Allah (ﷺ) prayed two rak'ahs until it ended. Then he said: The sun and the moon do not become eclipsed for the death of anyone, but they are two of His creations. Allah, the Mighty and Sublime, causes whatever He wants to happen in His creation. If Allah (SWT), the Mighty and Sublime, manifests Himself to any of His creation, it humbles itself before Him, so if either of them (solar or lunar eclipse) happens, pray until it is over or until Allah causes something to happen.

### ফুটনোট

সনদ দুর্বলঃ বর্ণনাকারী সিকাহ হওয়া সত্ত্বেও সনদে দুর্বলতা আছে, কারণ হলো আবু কিলাবাহ কবীসাহ অথবা নু'মান এর থেকে শ্রবণটা সুস্পষ্ট নয়; আবু দাউদ ১১৮৫, মুসনাদে আহমাদ ২০৬২৬, সহীহ ইবনু খুযায়মাহ ১৪০২, ইরওয়াউল গালীল ৩/১৩১, য'ঈফ আবু দাউদ ২১৭।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 	বর্ণনাকারীঃ কবীসা ইবন মুখারিক আল হিলালী (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=89983

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন